তারিখ ... 27 JUN 2016 ...
পৃষ্ঠা ... ২৬ ... কলাম ... ৫ ......

যুগান্তর

# প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

**যুগান্তর রিপোর্ট**

বিদ্যালয়ভিত্তিক প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে দু'দিনের প্রশিক্ষণ কর্মশালা শনিবার রাজধানীর বাড্ডায় গুলশান থানা শিক্ষা অফিসে শেষ হয়েছে। এতে গুলশান শিক্ষা থানার ৩৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির (এসএমসি) সভাপতি, সহসভাপতি, প্রধান শিক্ষক ও অভিভাবক প্রতিনিধি অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরিচালনা করেন থানা শিক্ষা অফিসার খান মাহছুরা আক্তার টুইন, থানা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টর রেবেকা সুলতানা, সহকারী থানা শিক্ষা অফিসার সুলতানা আসমা খান ও কামরুন্নাহার। উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন এসএমসি সহসভাপতি এমদাদ হোসেন ভূঁইয়া, প্রধান শিক্ষক মিজানুর রহমান, দীন ইসলাম ও অভিভাবক প্রতিনিধি কামরুল ইসলাম প্রমুখ।